

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৬৮

প. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(حسن لغيره) ورواه [يعني حديث أنس الذي في الضعيف] محمد بن نصر في كتاب الصلاة ولفظه سمعت رسول الله صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقول: بين العبد والكفر أو الشرك ترك الصلاة فإذا ترك الصلاة فقد كفر.

বাংলা

৫৬৮. (হাসান লি গাইরিহী) আনাস বিন মালেক (রাঃ) থেকে মুহাম্মাদ বিন নসর স্বীয় [কিতাবুস্ সালাত] গ্রন্থে হাদীছটি বর্ণনা করেন। সেখানে বলা হয়েছেঃ আনাস বলেন, আমি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলতে শুনেছিঃ 'বান্দার মাঝে এবং কুফরী অথবা শির্কের মাঝে পার্থক্য হচ্ছে নামায। যখন নামায ছেড়ে দিবে তখন সে কুফরী করবে।"

ورواه ابن ماجه عَنْ يَزِيدَ الرَّقَاشِيِّ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لَيْسَ بَيْنَ الْعَبْدِ وَالشِّرْكِ إِلَّا تَرْكُ الصَّلَاةِ فَإِذَا تَرَكَهَا فَقَدْ أَشْرَكَ

(সহীহ লি গাইরিহী) হাদীছটি ইবনে মাজাহ্ ইয়াযীদ রাক্কাশী থেকে, তিনি আনাস (রাঃ) থেকে বর্ণনা করেনঃ নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ ''বান্দার মাঝে ও শির্কের মাঝে নামায পরিত্যাগ করা ব্যতীত কোন পার্থক্য নেই। যখন সে উহা ছেডে দিবে তখন শির্ক করবে।''

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন